



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড  
কন্সট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল  
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।  
www.bwdb.gov.bd

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩৩  
১১ মে ২০২৬

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০০৫.২২.০০০২.১৮.৪২

### পরিপত্র

বিষয়: সকল ধরনের ক্রয় (কার্য, পণ্য, সেবা ও ভৌতসেবা) সংক্রান্ত চুক্তি বাস্তবায়নকালে সরকার কর্তৃক প্রত্যক্ষ বা পরোক্ষ কর হ্রাস/বৃদ্ধি করা হলে তৎপ্রেক্ষিতে চুক্তিমূল্য সংশোধন সংক্রান্ত।

এতদ্বারা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সকল ক্রয়কারী (Procuring Entity) জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ক্রয় (কার্য, পণ্য, সেবা ও ভৌতসেবা) সংক্রান্ত চুক্তি বাস্তবায়নকালীন সময়ে সরকার কর্তৃক প্রত্যক্ষ বা পরোক্ষ কর (আয়কর, ভ্যাট, গুস্ক, ইত্যাদি) হ্রাস/বৃদ্ধি করা হলে তৎপ্রেক্ষিতে চুক্তিমূল্য সংশোধন করার বিধান রয়েছে। ক্রয় সংক্রান্ত দরপত্র দলিলের চুক্তির সাধারণ শর্তাবলির (General Conditions of Contract) "Adjustments for Changes in Legislation" Clause-এ এ সংক্রান্ত শর্ত রয়েছে। অতএব, সকল ক্রয়কারীকে (PE) চুক্তির শর্তানুসারে প্রত্যক্ষ বা পরোক্ষ কর (আয়কর, ভ্যাট, গুস্ক, ইত্যাদি) পরিবর্তনের কারণে ইকনোমিক অপারেটরের প্রাপ্য নিট অর্থ অপরিবর্তিত রেখে চুক্তিমূল্য সংশোধন করে যথাযথভাবে ক্রয়কাজ সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

২। প্রত্যক্ষ বা পরোক্ষ কর পরিবর্তনের কারণে চুক্তিমূল্য হ্রাস পেলে ক্রয়কারী (PE) চুক্তি সংশোধন করবে এবং চুক্তিমূল্য বৃদ্ধি পেলে মূল চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ক্রয়কারী (PE) সংশোধিত চুক্তি সম্পাদন করবে, তবে মূল চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ CCGP/Ministry/HOPE হলে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন সাপেক্ষে ক্রয়কারী (PE) সংশোধিত চুক্তি সম্পাদন করবে।

৩। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এই পরিপত্র জারি করা হলো।

১১-০৫-২০২৬

মোঃ হাফিজুল আলম

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)

ফোন : ০২২২২২৩০০১৫

ইমেইল : se.cpc.bwdb@gmail.com

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী/সমমান, ..... (সকল), বাপাউবো।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/সমমান, .....(সকল), বাপাউবো।
- ৩। প্রকল্প পরিচালক, ..... (সকল), বাপাউবো।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
- ৫। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

৬। নির্বাহী প্রকৌশলী/সমমান, .....(সকল), বাপাউবো।

৭। পি এ টু অতিরিক্ত মহাপরিচালক(পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা/প্রশাসন/অর্থ), বাপাউবো, ঢাকা।



A handwritten signature in black ink, appearing to be 'Atiqul Islam', written over a horizontal line.

১১-০৫-২০২৬

মোঃ আতিকুল ইসলাম  
নির্বাহী প্রকৌশলী (ভারপ্রাপ্ত)